দৈনিক সংবাদ

১৬

তারিখ ... MAR 12 2000
পৃঃ ২ কলাম ১

এসএসসি পরীক্ষার ৮ম দিন

# বহু কেন্দ্রে সন্ত্রাসী ঘটনা ঘটেছে বহিষ্কার ৩ হাজার

নিজস্ব বার্তা পরিবেশক ঃ এসএসসি পরীক্ষার ৮ম দিনে গতকাল শনিবার অংক পরীক্ষায় বহু কেন্দ্রে সন্ত্রাসী ঘটনার পাশাপাশি ভেতরে অবাধে নকল চলেছে, নকলের দায়ে বহিষ্কার হয়েছে ৩ হাজার পরীক্ষার্থী। তবে কোথাও কোথাও এর বিপরীত চিত্রও দেখা গেছে।

শেরপুরের শ্রীবর্দী এমএনবিপি গার্লস হাইস্কুল কেন্দ্রে এবং জিকে স্কুল কেন্দ্রে ৪০ বস্তা নকল উদ্ধার করা হয়। স্কুল মাঠে তা পোড়ানো হয়।

ঠাকুরগাঁওয়ে পরীক্ষা কেন্দ্রগুলো সন্ত্রাসী-দের দখলে চলে যায়। প্রশাসনের লোক-জনের সামনেই উত্তরপত্র ৫শ টাকা করে বিক্রি হয়েছে। ঠাকুরগাঁওয়ের গড়েয়া হাইস্কুল কেন্দ্রে নকল সরবরাহের দায়ে ৩ জনকে গ্রেফতার করা হয়েছে। রুহিয়া কেন্দ্রে ৫ জন নকল সরবরাহকারীকে গ্রেফ-তার করে পরে ছেড়ে দেয়া হয়।

নেত্রকোনার শ্যামগঞ্জে বালিজুরি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক আবুল বাসারকে দায়িত্বে অবহেলার জন্য বহিষ্কার করা হয়েছে।

গতকাল ৫ শিক্ষা বোর্ডে প্রায় সাড়ে ৩ হাজার এসএসসি ঃ পৃঃ ২ কঃ ৬

## এসএসসি ঃ ৮ম দিন

( ১ম পৃষ্ঠার পর )

পরীক্ষার্থী এবং ১৩ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে ৮শ ১০ ছাত্রছাত্রী, ৫ শিক্ষক, কুমিল্লা শিক্ষা বোর্ডে ৬শ ৪২ জন ছাত্রছাত্রী। যশোর শিক্ষা বোর্ডে ৫শ ৩১ জন ছাত্রছাত্রী, রাজশাহী শিক্ষা বোর্ডে ১ হাজার ১শ ৩০ জন ছাত্রছাত্রী ও ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন জেলায় ৮শ ১০ জন পরীক্ষার্থী ও ৫ জন শিক্ষককে অসাধুতার কারণে বহিষ্কার করা হয়েছে। বোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে।

বহিষ্কৃতদের মধ্যে ঢাকা মহানগরীতে ১ পরীক্ষার্থী, গাজিপুরে ১০ পরীক্ষার্থী, নারায়ণগঞ্জে ৫ পরীক্ষার্থী, ময়মনসিংহে ১শ ৭৪ পরীক্ষার্থী ও ১ শিক্ষক, শরীয়তপুরে ২৭ পরীক্ষার্থী ও ১ শিক্ষক, টাঙ্গাইলে ১শ ৫১ পরীক্ষার্থী ও ১ শিক্ষক, নরসিংদীতে ১শ ১৫ পরীক্ষার্থী ও ২ শিক্ষক, মুন্সিগঞ্জে ২১ পরীক্ষার্থী, শেরপুরে ৪০ পরীক্ষার্থী, কিশোরগঞ্জে ৫৭ পরীক্ষার্থী, নেত্রকোনায় ১শ ৪২ পরীক্ষার্থী, ফরিদপুরে ২৭ পরীক্ষার্থী, গোপালগঞ্জে ১৬ ও রাজবাড়িতে ২৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

রাজশাহী থেকে নিজস্ব প্রতিনিধি ঃ অসদুপায় অবলম্বনের দায়ে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে চাঁপাইনবাবগঞ্জে ১শ ৪৩ পরীক্ষার্থী, ৩ শিক্ষক, নওগাঁতে ১শ ৪ পরীক্ষার্থী ১ শিক্ষক, নাটোরে ৬৫, পাবনাতে ১শ ৩৫, রংপুরে ২শ ১৪, কুড়িগ্রামে ১শ ১৮, গাইবান্ধায় ১শ ১৮, নীলফামারীতে ৬৩, ঠাকুরগাঁতে ১শ ৭০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## নকল ঃ ভিন্ন চিত্র

(১ম পৃষ্ঠার পর)

প্রশ্নপত্র দেয়বার সাথে সাথেই একবার করে নকল চেক করার পর পরবর্তীসময়ে কারো কাছে নকল পাওয়া গেলে তাৎক্ষণিক বহিষ্কার, ১৪৪ ধারা ভঙ্গের কারণে সাথে সাথে আটক প্রভৃতি কারণে কমেছে নকলপ্রবণতা এবং বহিরাগতের উৎপাত।

কেন্দ্রে সার্বক্ষণিক ম্যাজিস্ট্রেটের উপস্থিতি, শিক্ষকদের সতর্ক দৃষ্টি এবং প্রতিটি কেন্দ্রে অফিসারসহ পর্যাপ্ত পুলিশের উপস্থিতি পরীক্ষার পরিবেশকে সুন্দর করতে সহায়তা করছে। তদুপরি স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের সদিচ্ছা এবং পাবলিক পরীক্ষা ওফেন্স এ্যাক্ট পোস্টার ও লিফলেট আকারে বিভিন্ন স্থানে সাঁটানো, এ সম্পর্কে মাইকিং এবং যথাযথ প্রয়োগ এবার এসএসসি পরীক্ষা সুন্দরভাবে অনুষ্ঠানে বেশ সহায়ক হয়েছে।

ভিজিলেন্স টিমের সংখ্যা বৃদ্ধিতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ আরও সহজ হয়েছে। শেরপুরের এসএসসি পরীক্ষা এ বছর ভাল ছাত্রছাত্রীদের আত্মবিশ্বাসও বাড়িয়ে দিয়েছে। অভিভাবকরাও তাদের সন্তানদের নিয়ে আশাবাদী হয়ে উঠছেন। পরীক্ষা সম্পর্কে অভিভাবকদের আস্থাও বেড়ে গেছে কয়েকগুণ।

গতকাল শনিবার গণিত পরীক্ষা চলাকালে শ্রীবরদী থানার দুটি কেন্দ্র, শেরপুর সদরের ১টি ও নকলা থানার একটি কেন্দ্র পরিদর্শন করে পরীক্ষা কেন্দ্রগুলোর সুষ্ঠু পরিবেশ লক্ষ্য করা যায়। কেন্দ্রগুলো হলো শ্রীবরদী মথুরানাথ বিনোদিনী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, এপি পাইলট উচ্চ বিদ্যালয়, সদরের জিকে পাইলট হাইস্কুল ও নকলা পাইলট উচ্চ বিদ্যালয়।

নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ দেশব্যাপী নকলের মহোৎসবের সময় নারায়ণগঞ্জের কেন্দ্রগুলোর চিত্র বিপরীত। অপেক্ষমাণ অভিভাবকদের জটলাও স্কুল থেকে বেশ দূরে। পত্রপত্রিকার সংবাদের কারণে শিক্ষক, স্কুল কমিটি, ম্যাজিস্ট্রেটরা অনেক সতর্ক। গতকাল শনিবার এসএসসির অংক পরীক্ষার দিন এ চিত্রই চোখে পড়ে শহরের বি[illegible] কেন্দ্র পরিদর্শনের সময়। আইইটি স[illegible]